

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 11-12-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Rajyasabha-Vandemataram:

আজ রাজ্যসভায় রাষ্ট্রগান ‘বন্দে মাতরম’-এর সার্থশতবর্ষ পূর্তি উপলক্ষে আলোচনা হবে। কেন্দ্রীয় মন্ত্রী এবং সভার নেতা জে পি নাড্ডার ভাষণ দিয়ে এই আলোচনার পর্ব সম্পন্ন হবে। এরপর রাজ্যসভায় নিবিড় নির্বাচনী সংস্কার নিয়ে আলোচনা শুরু হবে।

International Human Rights Day-CM :

আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষ্যে গতকাল আগরতলার প্রজ্ঞাভবনে রাজ্য মানবাধিকার কমিশন আয়োজিত আলোচনাসভায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে সমস্ত নাগরিকদের মৌলিক অধিকার সুরক্ষিত রাখতে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, রাজ্যবাসী যাতে সরকারের উন্নয়নমূলক কর্মসূচীর সুবিধা যথাযথভাবে পান সেই লক্ষ্যে প্রতি ঘরে সুশাসন কর্মসূচী বাস্তবায়িত হচ্ছে। কারও বিরুদ্ধে অন্যায় হলে সুষ্ঠু বিচারের ব্যবস্থা গ্রহণ করা হয়। তিনি বলেন, মানুষের মৌলিক চাহিদা পূরণের জন্য পিএম আবাস যোজনায় গরিবদের ঘর দেওয়া হচ্ছে। নারী ও শিশুদের অধিকারের সুরক্ষার বিষয়টি সরকার গুরুত্ব দিয়ে দেখছে। জনজাতি সমাজের উন্নয়নের সুনির্দিষ্ট পরিকল্পনা নিয়ে রাজ্য সরকার কাজ করছে।

Union Home Minister on SIR:

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ চলতি বিশেষ নিবিড় সংশোধন (SIR) প্রক্রিয়াকে সমর্থন করে গতকাল জোর দিয়ে বলেছেন, সংবিধান নির্বাচন কমিশনকে ভোটার তালিকা প্রস্তুত করার নিশ্চয়তা দিয়েছে। তিনি বলেন, বিশেষ নিবিড় সংশোধন(SIR) নির্বাচন কমিশনের দায়িত্ব, এবং ভোটার তালিকা সম্পূর্ণ ত্রুটিমুক্ত করার উদ্দেশ্যেই করা হয়েছে। লোকসভায় নির্বাচন সংস্কার নিয়ে আলোচনার সময় SIR-এর উপর বিরোধীদের অভিযোগ নস্যাৎ করে শ্রী শাহ বলেন, বিরোধীরা, SIR ইস্যুতে মিথ্যা প্রচার করেছে এবং দেশ, সরকার এবং নির্বাচন কমিশনের ভাবমূর্তি নষ্ট করছে। স্বরাষ্ট্র মন্ত্রী জানান, নির্বাচন কমিশন সরকারের অধীনে কাজ করে না। তিনি বলেন, এনডিএ-র নীতি হল অনুপ্রবেশকারীদের শনাক্ত করা, তালিকা থেকে বাদ দেওয়া এবং বহিষ্কার করা, অন্যদিকে বিরোধীদের নীতি হল এই অনুপ্রবেশকারীদের ভোটার তালিকায় যুক্ত করা।

ECI direction to States :

ভারতের নির্বাচন কমিশন ১২টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল, যেখানে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন চলছে, সেইগুলির মুখ্য নির্বাচন আধিকারিকদের বুথভিত্তিক ভোটার তালিকা বুথ স্তরের এজেন্টদের (বিএলএ) সঙ্গে বিনিময়ের নির্দেশ দিয়েছেন। নির্বাচন কমিশন জানিয়েছে, অনুপস্থিত, স্থানান্তরিত, মৃত বা নকল হিসেবে চিহ্নিত ভোটারদের বুথভিত্তিক তালিকা রাজনৈতিক দলগুলির বিএলএ-এর সঙ্গে বিনিময় করা হবে, যেমনটি বিহারে এসআইআর-এ করা হয়েছিল। বুথ স্তরের আধিকারিক বা বিএলও-রা তিন বা তার বেশি বার গিয়েও যাদের সাথে যোগাযোগ করতে পারেননি তাদের নামও

তালিকায় অন্তর্ভুক্ত করা হবে। নির্বাচন কমিশন জানিয়েছে, খসড়া ভোটার তালিকা প্রকাশের আগে রাজনৈতিক দলগুলির জেলা সভাপতিদের দ্বারা মনোনীত বিএলএ-দের তালিকা সরবরাহ করা হবে। সংশ্লিষ্ট মুখ্য নির্বাচন আধিকারিকরা এই তালিকাগুলি সময়মতো ভাগ করে নেওয়ার বিষয়টি নিশ্চিত করবেন। কমিশন আরও জানিয়েছে, খসড়া ভোটার তালিকা প্রকাশের পর, এই তালিকাগুলি মুখ্য নির্বাচন আধিকারিক এবং জেলা নির্বাচন আধিকারিক দের ওয়েবসাইটেও আপলোড করা হবে।

Women's safety top priority for Indian Railway:

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, ভারতীয় রেলে মহিলাদের নিরাপত্তাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়। গতকাল লোকসভায় এক প্রশ্নের লিখিত উত্তরে তিনি বলেন, মহিলা যাত্রীদের নিরাপত্তা ও সুরক্ষার জন্য রেলওয়ে, জিআরপির সাথে সমন্বয় করে বেশ কয়েকটি পদক্ষেপ নিয়েছে। তিনি জানান, মেরি সহেলি উদ্যোগের আওতায়, দূরপাল্লার ট্রেনে একা ভ্রমণকারী মহিলা যাত্রীদের নিরাপত্তার জন্যও নিবিড় নজরদারি রাখা হচ্ছে।

National Lok Adalat :

আগামী ১৩ই ডিসেম্বর ত্রিপুরা হাইকোর্ট সহ রাজ্যের সব জেলা ও মহকুমা আদালত প্রাঙ্গণে বসছে এবছরের চতুর্থ জাতীয় লোক আদালত। গতকাল রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানিয়েছেন, লোক আদালতে মোট ৬০টি বেঞ্চে ৩৪,৭০৯টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে।

Aakasvani & DD boost - disaster alert:

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগান বলেছেন, সরকারী জনসম্প্রচারক প্রসার ভারতীর অধীনস্থ সংস্থা আকাশবাণী এবং দূরদর্শনের মাধ্যমে দুর্যোগ সতর্কতা এবং জন কল্যাণমূলক প্রকল্পগুলির তথ্য প্রত্যন্ততম অঞ্চলের পৌঁছানোর ব্যবস্থাকে শক্তিশালী করেছে। লোকসভায় এক প্রশ্নের লিখিত উত্তরে ডঃ মুরুগান বলেন, জনকল্যাণমূলক প্রকল্প, জনসাধারণের পরামর্শ এবং গ্রামীণ, প্রত্যন্ত এবং সীমান্তবর্তী অঞ্চলে দুর্যোগ সম্পর্কিত তথ্য প্রচারের অপরিসীম গুরুত্ব রয়েছে।

CM-Drama :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা উদয়পুরের রাজর্ষি হলে গতকাল পঞ্চকালব্যাপী ২০তম রাজ্যভিত্তিক নাট্য উৎসবের সূচনা করেন। আগামী ২৪শে ডিসেম্বর পর্যন্ত উৎসব চলবে। রাজ্যের বিভিন্ন জেলা থেকে ৩৬টি নাট্য সংস্থা এই আসরে অংশ নিয়েছে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৮ ডিগ্রি সেলসিয়াস।
